# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: মোট ১১টি প্রশ্ন থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১.▶




ক. বিমা কী? ১

খ. পরিবহন কোন ধরনের উপযোগ সৃষ্টি করে? ব্যাখ্যা করো। ২

গ. বাণিজ্যেরে গুরুত্বপূর্ণ তিনটি কাজ সম্পর্কে আলোচনা করো। ৩

ঘ. ব্যবসায়ের সাথে শিল্প ও বাণিজ্যের সম্পর্ক নিরূপণ করো। ৪

২.▶ আমাদের মতো উন্নয়নশীল দেশে ব্যবসায় উদ্যোগের অবদান অপরিসীম। এর মাধ্যমে উদ্যোক্তাগণ নব নব প্রযুক্তি ব্যবহার করে নতুন নতুন পণ্য সামগ্রী উৎপাদন করছেন। ফলে ভোক্তারা নতুন পণ্য সামগ্রী পাওয়ার পাশাপাশি চাহিদাও পূরণ করতে পারছে। ব্যবসায় উদ্যোগের ফলে নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে।

ক. BIM এর পূর্ণরূপ কী? ১

খ. উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের প্রধান পার্থক্য কী ব্যাখ্যা করো। ২

গ. কীভাবে উদ্যোক্তাগণ নব প্রযুক্তি ব্যবহার করে নতুন পণ্য উৎপাদন করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের আর্থ সামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের অবদান মূল্যায়ন করো। ৪

৩.▶ জনাব মিরাজ বিএ পাস করে চাকরির পেছনে না ছুটে স্থানীয় যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ নিয়ে নিজের বাড়ির পুকুরে মাছ চাষ ও হাঁস-

Teachingbd24.com

মুরগি পালন শুরু করেন। তার মতে, প্রবল আত্মবিশ্বাস, নিষ্ঠা আর প্রশিক্ষণ নিয়ে যে কোনো কাজে অগ্রসর হলে সাফল্য অনিবার্য।

ক. ব্যবসায় উদ্যোগের সাথে কোনটির সম্পর্ক খুবই নিবিড়? ১

খ. কৃত্রিম ব্যক্তিস্বত্তা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. জনাব মিরাজের জীবিকার্জনের উপায়টি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মিরাজের সফলতার কারণ ব্যাখ্যা করো। ৪

**৪.▶** মানিক ও লিটন দুইজন ভালো বন্ধু। তারা পারস্পারিক সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসা শুরু করেন। তারা সব সময়ই এলাকার ভোক্তাদের সর্বোচ্চ সেবা প্রদানের মাধ্যমে নিজেদের স্বার্থরক্ষায় কাজ করেছেন। এতে তাদের প্রচুর লাভ হয় এবং ব্যবসায়ের সুনাম বৃদ্ধি পায়।

ক. প্রাইভেট লিমিটেড কোম্পানি কত সালের আইন অনুযায়ী পরিচালিত হয়? ১

খ. এক মালিকানা ব্যবসায়ের একটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. মানিক ও লিটনের ব্যবসায়ের সফতায় কোন বিষয়টি মূখ্য ভূমিকা রেখেছে? বিশ্লেষণ করো। ৪

**৫.▶** 'সিওর' কোম্পানি মানসম্পন্ন পণ্য সরবরাহ করে দেশের সর্বত্র ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। কোম্পানিটি সরকারের সাথে এমন একটি চুক্তি করেছে যার ফলে কোম্পানিটি বছরের পর বছর একচেটিয়া ব্যবসায় করে যাচ্ছে। কোম্পানিটি পণ্য সহজেই চেনার উপায় হিসেবে প্রতিটি পণ্যের মোড়কের গায়ে ইংরেজি 'S' অক্ষর ব্যবহার করে।

ক. বাংলাদেশে প্রচলিত কপিরাইট আইন কত সালের? ১

খ. কার্যারম্ভের অনুমতি পত্র বলতে কী বোঝায়? ২

গ. কোন ধরনের চুক্তির ফলে কোম্পানিটি একচেটিয়া ব্যবসায় করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. "কোম্পানিটির তৈরি পণ্যের গায়ে 'S' অক্ষর দ্বারা ব্যবসায়িক স্বার্থ সুরক্ষা হয়"— যুক্তি দাও। ৪

**৬.▶** জনাব কল্লোল খুলনার দৌলতপুর বস্তি এলাকার পাশে কম আয়ের মানুষের কথা চিন্তা করে একটি পুরাতন কাপড়ের দোকান দেন। প্রথম দিকে ব্যবসায় ভালো চললেও পরবর্তীতে মন্দাভাব দেখা দেয়। কারণ সেখানে একটি বৃহদায়তন গার্মেন্টস ফ্যাক্টরি চালু হয়। বস্তির অনেক অধিবাসী গার্মেন্টসে

Teachingbd24.com

চাকরি নেয়। ফলে তাদের জীবন যাত্রার মান আগের তুলনায় উন্নত হয়।

ক. ব্যবসায়ের আয়-ব্যয় সমান হলে তাকে কী বলে? ১

খ. ম্যাক্রোস্ক্রিনিং এর জনসংখ্যা বিষয় উপাদানটি ব্যাখ্যা করো। ২

গ. জনাব কল্লোল ব্যবসায়ের স্থান নির্বাচনে পরিবেশের কোন বিষয়টিকে বিবেচনায় করেছে? বর্ণনা করো ৩

ঘ. জনাব কল্লোলের ব্যবসায়ের মন্দাভাব সৃষ্টির কারণ বিশ্লেষণ করো ৪

৭. ▶ জনাব খালিদ ১০ কোটি টাকা ব্যয়ে পাটের চাষের জন্য বিখ্যাত ঢাকা বিভাগের ময়মনসিংহ জেলা শহরে একটি পাট ও পাটজাত শিল্প স্থাপন করেন। তার বন্ধু নান্নু সমপরিমাণ বিনিয়োগ করে রাজশাহী অঞ্চলে একই ধরনের শিল্প স্থাপন করেন যেখানে প্রচুর আখ চাষ হয়। নির্দিষ্ট সময় পর খালিদ শিল্প প্রতিষ্ঠানটি নান্নুর শিল্প প্রতিষ্ঠানের চেয়ে বেশি মুনাফা করে।

ক. বিনিয়োগের মাপকাঠিতে শিল্পকে কয়ভাগে ভাগ করা হয়েছে? ১

খ. সেবা শিল্প বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. বিনিয়োগের মাপকাঠিতে জনাব খালিদের ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব খালিদের প্রতিষ্ঠানটিতে অধিক মুনাফা হওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

৮. ▶




ক. নেতার চেয়ে নেতার আদেশ বড় কোন নেতৃত্বে? ১

খ. সমন্বয়কের কাজ ব্যাখ্যা করো। ২

গ. "ঠিক পরিকল্পনাই হচ্ছে ব্যবস্থাপনা কার্যাবলির মূল চালিকাশক্তি"— আলোচনা করো। ৩

ঘ. "ব্যবস্থাপনা কার্যাবলি সব সময় ডায়নামিক"— যুক্তিসহ মতামত উপস্থাপন করো। ৪

৯.▶ জনাব হোসেন আলী একজন আলু চাষী। তিনি তার উৎপাদিত অধিকাংশ আলু তড়িঘড়ি করে স্বল্পমূল্যে বিক্রি করেন এবং অবশিষ্ট আলু সঠিকভাবে সংরক্ষণ না করায় কষ্ট হয়ে যায়। পরবর্তীতে তিনি তার উৎপাদিত আলুর সম্পর্কে স্থানীয়ভাবে প্রচার করেন এবং সময় বুঝে বিক্রি করেন। ফলে আলু বিক্রিতে অনেক মুনাফা হয়।

ক. কিসের মাধ্যমে পণ্যকে আকর্ষণীয় করা যায়? ১

খ. প্রমিতকরণ বলতে কী বোঝায়? ২

গ. জনাব হোসেন আলীর ব্যবসায়ের প্রথম পর্যায়ে বিপনন কার্যাবলির কোনটির অভাব পরিলক্ষিত হয়? বর্ণনা করো। ৩

ঘ. জনাব হোসেন আলীর ব্যবসায়ের সফলতায় কোনটি সহায়ক ভূমিকা পালন করেছে? মতামত দাও। ৪

১০.▶ জনাব হায়দার খুলনার বিসিক এলাকায় একটি লবণ তৈরির কারখানা স্থাপনের চিন্তা করছেন। তিনি প্রতিষ্ঠানটি নিবন্ধন করতে চাচ্ছেন। উন্নতমানের লবণ তৈরির জন্য কোন ধরনের মেশিন নির্বাচন করবেন এবং অর্থ কোন উৎস থেকে আসবে এসব বিষয়ে তিনি সহায়তা আশা করছেন।

ক. BITAC এর পূর্ণরূপ কী? ১

খ. কর অবকাশ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব হায়দার কত বছর কর অবকাশ পাবেন? ৩

ঘ. "উদ্দীপকে জনাব হায়দারের কারখানা স্থাপনে উপযুক্ত সহায়তা প্রয়োজন"— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

১১.▶ জনাব আসাদ সততার সঙ্গে অনেক দিন ধরে বাজারে ব্যবসায় করছেন। মানসম্মত পণ্য ন্যায্য মূল্যে বিক্রির কারণে তার ব্যবসায় ভালো চলে। তার পাশের ব্যবসায়ী জনাব রতন নিম্নমানের পণ্য বেশি মূল্যে বিক্রি করেন বেশি মুনাফার আশায়। বর্তমানে তার ব্যবসায়ের অবস্থা ভালো নয়।

ক. 'ইথস' শব্দের অর্থ কী? ১

খ. মূল্যবোধ বলতৈ কী বোঝায়? ২

গ. জনাব আসাদের কাজের মাধ্যমে তার কোন ধরনের দায়বদ্ধতা প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রতনের ব্যবসায়ের সফলতার অন্তরায়টি বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট  পূর্ণমান — ৩০  বিষয় কোড : | ১ | ৪ | ৩ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. সাধারণ অর্থে যেকোনো কাজের কর্মপ্রচেষ্টাকে কী বলে?**

ⓚ শখ  ⓚ শিল্প
ⓖ ব্যবসায়  ⓖ উদ্যোগ

**২. বাসা বাড়িতে গ্যাস সরবরাহ কোন শিল্পের অন্তর্গত?**

ক) সেবা  খ) গ্যাস
গ) উৎপাদন শিল্প  ঘ) প্রক্রিয়াভিত্তিক

**৩. একজন উদ্যোক্তার প্রধান গুণ কয়টি?**

ক) ১৪টি  খ) ১৮টি
গ) ২০টি  ঘ) ২২টি

**৪. একজন উদ্যোক্তা বিভিন্ন কারণে ব্যর্থ হতে পারেন, যেমন—**

i. ভুল পন্য নির্বাচন
ii. সঠিক পরিকল্পনার অভাব
iii. উচ্চশিক্ষার অভাব

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, iiও iii

**৫. বেকার সমস্যা একটি—**

ক) ব্যক্তিগত সমস্যা
খ) জাতীয় সমস্যা
গ) প্রাতিষ্ঠানিক সমস্যা
ঘ) পারিবারিক সমস্যা

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও।**

বুলবুল লেখাপড়া শেষ করে চাকরির চেষ্টা না করে সামান্য প্রশিক্ষণ নিয়ে মাছ চাষ করেন।

**৬. বুলবুলের কাজটি কোন ধরনের কর্মসংস্থান?**

ক) চাকরি
খ) কৃষিকাজ
গ) আত্মকর্মসংস্থান
ঘ) প্রত্যক্ষ সেবা

**৭. বুলবুলের কর্মসংস্থানের জন্য প্রয়োজন—**

i. স্বল্প প্রশিক্ষণ
ii. আত্মবিশ্বাস
iii. দুটি কর্মঠ হাত

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৮. কর্মসংস্থানকে কয়ভাগে ভাগ করা যায়?**

ক) ২ ভাগে  খ) ৩ ভাগে
গ) ৪ ভাগে  ঘ) ৫ ভাগে

**৯. সর্বপ্রথম সমবায় আন্দোলনের সূত্রপাত হয়—**

i. উত্তর আমেরিকায়
ii. পশ্চিম ইউরোপে
iii. পূর্ব ইউরোপে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, iiও iii

**১০. সবচেয়ে প্রাচীন ও জনপ্রিয় সংগঠন কোনটি?**

ক) অংশীদারি  খ) একমালিকানা
গ) সমবায়  ঘ) যৌথমূলধনী

**১১. অংশীদারি ব্যবসায়ের সর্বোচ্চ সদস্যসংখ্যা কত হবে?**

ক) ২ জন  খ) ৫জন
গ) ১০ জন  ঘ) ২০ জন

**১২. বাংলাদেশে অংশীদার ব্যবসায় কত সালে অংশীদারি আইন দ্বারা পরিচালিত হয়?**

ক) ১৯৯৪ সাল  খ) ১৯৩২ সাল
গ) ২০০৪ সাল  ঘ) ১৯৩৪ সাল

**১৩. বাংলাদেশ মেধাসম্পদ দিবস কোন তারিখে পালিত হয়?**

ক) ২৬ মে  খ) ২৮ এপ্রিল
গ) ২৭ এপ্রিল  ঘ) ২৬ এপ্রিল

**১৪. ফ্রানসাইজিং চুক্তিতে কয়টি বিষয় অন্তর্ভুক্ত থাকে?**

ক) ৫টি  খ) ৭টি
গ) ৯টি  ঘ) ১১টি

Teachingbd24.com

১৫. বুদ্ধিভিত্তিক সম্পদ সংরক্ষণের জন্য প্রয়োজন কোনটি?
ক) সুষ্ঠু শিল্পনীতি
খ) ফ্রানসাজি চুক্তি
গ) আইনগত বিধিবিধান
ঘ) বিমা

১৬. বাংলাদেশে কত সালের পেটেন্ট ও ডিজাইন আইন চালু আছে?
ক) ১৯০১ সালে খ) ১৯১১ সালে
গ) ১৯২১ সালে ঘ) ১৯৩১ সালে

১৭. কোন ব্যবসায়ীকে কাঙ্খিত লক্ষ অর্জনে সহায়তা করে?
ক) মূলধন খ) পরিকল্পনা
গ) ভোক্তার ব্যয় ঘ) পণ্যের চাহিদা

১৮. সম-আয় ব্যয় বিন্দু জানা থাকলে সম্ভব হয়—
i. বিক্রয়ের পরিমান বৃদ্ধি করা
ii. মুনাফা পরিকল্পনা প্রণয়ন
iii. সঠিক মূল্য নির্ধারণ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।**
শিল্পীর পরিবারের ৭ জন সদস্য ১ লক্ষ টাকা পুঁজি নিয়ে একটি ব্যবসায় আরম্ভ করেন। এ ব্যবসায় মূল উপকরণ বাঁশ, বেত, মৃত্তিকা, ঝিনুক ও পাট।

১৯. শিল্পীর ব্যবসায় কোন শিল্পের অন্তর্গত?
ক) ইস্পাত শিল্প খ) বৃহৎ শিল্প
গ) কুটির শিল্প ঘ) মাঝারি শিল্প

২০. কুটির শিল্পের বিনিয়োগ সীমা কত?
ক) ৫ লক্ষ টাকার কম
খ) ২০ লক্ষ টাকা
গ) ২৫ লক্ষ টাকা
ঘ) ৫০ লক্ষ টাকার কম

২১. আধুনিক ব্যবস্থাপনার জনক কে?
ক) স্যামুয়েল সোর্স
খ) রবার্ট জনসন
গ) হেনরি ফেওল
ঘ) আই এম পান্ডে

২২. কুটির শিল্পের সর্বোচ্চ জনবল কত?
ক) ২ জন খ) ৫জন
গ) ৮জন ঘ) ১০জন

২৩. ব্যবস্থাপনার মৌলিক কাজ কয়টি?
ক) ৪টি খ) ৫টি
গ) ৬টি ঘ) ৭টি

২৪. বিপণনের উন্নয়নের ফলে কোনটি সৃষ্টি হয়?
ক) ব্যবসায় খ) বাণিজ্য
গ) কর্মসংস্থান ঘ) আমদানি

২৫. ভোক্তাগণ কীসের মাধ্যমে মানসম্মত পন্য পেয়ে থাকে?
ক) পর্যায়িতকরণ খ) প্রমিতকরণ
গ) বিপণন ঘ) পরিবহন

২৬. বাংলাদেশের মোট জনসংখ্যার শতকরা কত ভাগ নারী?
ক) ৪৮ খ) ৪৯
গ) ৫০ ঘ) ৫১

২৭. কোনটি উদ্দীপনামূলক সহায়তা?
ক) পরামর্শ দান খ) ভর্তুকি প্রদান
গ) কর অবকাশ ঘ) পুঁজির সংস্থান

২৮. ইথস () শব্দটি উদ্ভব হয়েছে কোন ভাষা থেকে?
ক) ইংরেজি খ) গ্রিক
গ) বাংলা ঘ) হিন্দি

২৯. যে জ্ঞানবোধ এবং আচরণ সমাজে মূল্যবান ও অনুকরণীয় বলে মনে করে তাকে কী বলে?
ক) নৈতিকতা খ) মূল্যবোধ
গ) সততা ঘ) দায়বদ্ধতা

৩০. বাংলাদেশে প্রথম রিয়েল স্টেট ব্যবসায়ের প্রতিষ্ঠাতা কে?
ক) জহুরুল ইসলাম
খ) স্যামসন এইচ চৌধুরী
গ) জনাব জুবের আলী
ঘ) বগুড়ার নায়ের আলী

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ক |

Teachingbd24.com